গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয়
১, কাওরান বাজার, টিসিবি ভবন (৭ম তলা), ঢাকা।
ওয়েব সাইট- www.roc.gov.bd

স্মারক নং- ২৬.০৬.০০০০.০০১.১৮.০০৫.১২/ ৬৯৭ তারিখ ঃ ১৮আগস্ট, ২০১৪খ্রিঃ

# অফিস আদেশ

অত্র পরিদপ্তরে কোম্পানির দাখিলকৃত রিটার্ন/বিবরণীসমূহ রেকর্ডভুক্তি এবং প্রস্তাবিত কোম্পানি নিবন্ধন করার নিমিত্তে সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্মকর্তা/কর্মচারীগণকে কোম্পানি আইন, ১৯৯৪ এবং সংশ্লিষ্ট আইন-কানুন ও বিধিবিধানের আলোকে রেকর্ডপত্র পরীক্ষা নিরীক্ষাপূর্বক নথি উপস্থাপনের সময় সরকারের বিভিন্ন দপ্তর/সংস্থা কর্তৃক জারীকৃত নিম্নবর্ণিত আদেশ/প্রজ্ঞাপন যথাযথভাবে অনুসরন করার জন্য নির্দেশ দেয়া হলঃ

১. প্রাইভেট কোম্পানির ক্ষেত্রে পরিশোধিত মূলধন দশ কোটি টাকা এবং পাবলিক কোম্পানির ক্ষেত্রে এক কোটি টাকার অধিক হলে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড একচেঞ্জ কমিশনের অনুমতি পত্র (বাংলাদেশ গেজেট, অতিঃ সংখ্যা, সোমবার, ১৮মে, ১৯৯৯খ্রিঃ এবং অতিরিক্ত সংখ্যা শনিবার, ০২অক্টোবর, ২০০৪খ্রিঃ অনুযায়ী) ;

২. বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন (বিটিআরসি) হতে লাইসেন্সপ্রাপ্ত কোম্পানির মালিকানা/অংশীদারিত্ব পরিবর্তনের ক্ষেত্রে পূর্বানুমোদন; (পত্র নং বিটিআরসি/এলএলআইসিএক্স (৩৮৪)/২০১১-৫৯০, তারিখ-২৩.০৬.২০১৩ খিঃ মোতাবেক)

৩. স্যাটেলাইট টিভি ও এফএম রেডিও আপারেটরগণ কর্তৃক মালিকানা/অংশীদারিত্ব পরিবর্তনের ক্ষেত্রে তথ্য মন্ত্রণালয় এবং বিটিআরসি-র পূর্বানুমোদন ; (পত্র নং বিটিআরসি/এসএম/১৩-৩৩/২০১১(পার্ট-১)/৫০-২৬৬, তারিখ-১৯.০১.২০১৪ খিঃ মোতাবেক)

৪. ট্রাভেল এজেন্সি কোম্পানির নিবন্ধন ও শেয়ারহস্তান্তরের ক্ষেত্রে বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয়ের অনাপত্তি পত্র; (পত্র নং-বিপম/পর্য-২/ট্রাএ-১৪৫/৯৬-৭০৩, তারিখ-০৫.০৭.২০০৯ খ্রিঃ মোতাবেক)

৫. বেসরকারী বিশ্ববিদ্যালয় সংক্রান্ত ট্রাস্ট গঠনের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় বা বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমতি পত্র;

৬. সম্পূর্ন বিদেশী বা দেশী-বিদেশী যৌথ উদ্যোগে গঠিত কোম্পানি নিবন্ধনের ক্ষেত্রে বাংলাদেশ যুব অর্থনীতি ফোরাম কর্তৃক দায়েরকৃত রীটপিটিশন নং ১২৩০৩/১২ এর বিষয়ে মহামান্য হাইকোর্টের ১২জুন, ২০১৩খ্রিঃ তারিখের আদেশ মোতাবেক পরবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত নিম্নোক্ত শ্রেণীর ব্যবসায়িক কার্যক্রমের উদ্দেশ্যে কোম্পানি নিবন্ধক করা যাবেনা। যথা- ক. বায়িং হাউস খ. ফ্রেইট/কার্গো ফরোয়ার্ডিং এজেন্ট গ. ইনডেন্টিং এজেন্ট ঘ. কুরিয়ার সার্ভিস এজেন্ট ঙ. শিপিং এজেন্ট চ. মুনাফা অর্জন/বাণিজ্যিক উদ্দেশ্যে শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন ছ. বিজ্ঞাপনী এজেন্ট জ.এয়ারলাইনস/রেলওয়ে জিএসএ/পিএসএ/কার্গো এজেন্ট সংক্রান্ত ।

৭. এসোসিয়েশন, চেম্বার, গ্রুপ, ফাউন্ডেশন ইত্যাদি নিবন্ধনের ক্ষেত্রে সংঘস্মারকের উদ্দেশ্যাবলীতে " বাণিজ্য সংগঠন (এসোসিয়েশন, চেম্বার, গ্রুপ, ফাউন্ডেশন ইত্যাদি) রাষ্ট্রনীতি ও সামগ্রিক জনস্বার্থ বিবেচনায় রেখে কার্যক্রম পরিচালনা করবে এবং এমন কোন কার্যক্রমের আয়োজন, অংশগ্রহন বা সমর্থন করবেনা যাতে রাষ্ট্রীয় বিধি নিষেধ লঙ্ঘিত এবং সামাজিক শান্তি শৃঙ্খলা বিঘ্নিত হয়" মর্মে শর্ত সংযোজন;(পত্র নং-এমসি/টিও-২/এ-৩৫/২০১০/৫২৪, তারিখ-২২.১২.২০১১খ্রিঃ মোতাবেক)

৮. ক্রীড়া/সাংস্কৃতিক সংগঠন/সমিতি নিবন্ধনের ক্ষেত্রে জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার ছাড়পত্র; (নং সা/০৫-২০০৪ (রাজ-২)/৮৪০, তারিখ-৩০.১২.২০০৯ খ্রিঃ মোতাবেক)

৯. সোসাইটির সংঘস্মারকে ক্ষুদ্রঋণ সংক্রান্ত উদ্দেশ্য সংযোজনের ক্ষেত্রে মাইক্রো ক্রেডিট রেগুলেটরি অথরিটির পূর্বানোমদন; (পত্র নং এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-১৩, তারিখ-৩০.০৪.২০১২ খ্রিঃ মোতাবেক)

১০. স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এস আর ও নং- ৪৫-এল/৭৭ তারিখ: ০৫/০২/৭৭ মোতাবেকঃ

(ক) সোসাইটির সদস্যগনকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;

(খ) একই নামে এবং একই উদ্দেশ্য সম্বলিত সোসাইটি নিবন্ধন করা যাবে না;

(গ) সরকারের অনুমোদন ব্যতিরেকে কোন বিদেশী রাষ্ট্রের নাম ব্যবহার করে কোন সোসাইটি নিবন্ধন করা যাবে না;

১৮/৮/১৪
(বিজন কুমার বৈশ্য)
নিবন্ধক (অতিরিক্ত সচিব)

বিতরণ ঃ

১. সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ ।

স্মারক নং-২৬.০৬.০০০০.০০১.১৮.০০৫.১২/ ৬/৩ তারিখ ঃ ১৮আগস্ট, ২০১৪খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ

১. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ; (দৃঃআঃ- সহকারী সচিব, প্রশাসন-০৩ শাখা)
২. উপ-নিবন্ধক, চট্টগ্রাম ;
৩. সহকারী নিবন্ধক, রাজশাহী/খুলনা।

(রণজিৎ কুমার রায়)
সহকারী রেজিস্ট্রার